



বাংলাদেশ পর্যটন করপোরেশন
পরিকল্পনা-১ শাখা



বিষয়: ২০২১-২০২২ অর্থ বছরে বাংলাদেশ পর্যটন করপোরেশন-এর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন
সম্পর্কিত ০৯ জুন ২০২২ খ্রি: তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ জাকির হোসেন সিকদার মহাব্যবস্থাপক
সভার তারিখ	০৯ জুন ২০২২ খ্রি: বৃহস্পতিবার
সভার সময়	বিকাল ০৩:০০ ঘটিকায়
স্থান	সংস্থার ঐকাতান হল
উপস্থিতি	পরিশিষ্ট-ক

০২। আলোচনা।

২.১। সভার প্রথমেই বাপক ইনোভেশন টিম প্রধান, মহাব্যবস্থাপক (পরিকল্পনা) উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় সংস্থার ইনোভেশন টিমের সদস্যরাসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সভার আলোচ্য বিষয়ের প্রতি সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক সভাপতির সম্মতিক্রমে বাপক এর ইনোভেশন টিমের সদস্য জনাব মো: সাজেদুল কবির, উপব্যবস্থাপক (পরিকল্পনা) সংস্থা কর্তৃক ২০২১-২০২২ অর্থ বছরে উদ্ভাবন কর্মপরিকল্পনা, বাস্তবায়িতব্য উদ্ভাবনী-সেবা সহজিকরণ ও ডিজিটাল সেবার ধারণাগুলো বাস্তবায়ন অগ্রগতি ও ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে আলোচনাসহ চলতি অর্থবছরের বাদবাকী সময়ের মধ্যে কর্মপরিকল্পনা অবশিষ্ট কাজগুলো দ্রুত সম্পন্ন করার পরিকল্পনা তোলে ধরেন। সভায় আইডিয়া প্রদানকারী কর্মকর্তাসহ সংস্থার অন্যান্য কর্মকর্তারা সংশ্লিষ্ট বিষয়ে তাদের গুরুত্বপূর্ণ মতামত প্রদান করেন। এ ছাড়াও সভায় বাপক অধিক্ষেত্রে ইতোপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণাগুলোর বর্তমান অবস্থার পর্যালোচনাসহ ভবিষ্যৎ করণীয় সম্পর্কেও আলোচনা হয়। আলোচনার এক পর্যায়ে সভাপতি মহোদয় সকলকে অবহিত করেন যে, চলতি অর্থবছরসহ ইতোপূর্বে গৃহীত উদ্ভাবন, সেবা সহজিকরণ ও ডিজিটাল আইডিয়া সমূহের পাইলটিং হলেও এর উত্তর উত্তর উন্নয়ন ও সমৃদ্ধকরণ অব্যাহত রাখার বিষয়টির প্রতি দৃষ্টি আকর্ষণ করেন। প্রয়োজনে এ বিষয়ে একটি সুবিধাজনক সময় নির্ধারণ করে বাপক অধিক্ষেত্রে পাইলটকৃত ধারণাগুলো ধারণা প্রদানকারীদেরসহ সংশ্লিষ্টদের নিয়ে একটি সভার আয়োজন করার নির্দেশনা দেন। পাইলটকৃত ধারণাগুলো যেন সংস্থার ও সে সাথে বাপক'র সেবা গ্রহণকারীদের যথাযথ স্বার্থ রক্ষা ও উপকারে ব্যবহার করা যায় সে বিষয়ে সচেতন থাকার আহ্বান জানান। এছাড়াও আগামী বছরের জন্য বাস্তবায়নের জন্য সেবাসহজিকরণ/ডিজিটাল ও উদ্ভাবনী ধারণা প্রাপ্তির জন্য বাপক কর্মকর্তাদের সাথে ফোনে ও ব্যক্তিগতভাবে যোগাযোগ করত: আইডিয়া সংগ্রহের কার্যক্রম জোরদার করার সুপারিশ করেন। তিনি সংস্থার কর্মকর্তাদের আইডিয়া প্রদানে উৎসাহিত ও উজ্জীবিত করার লক্ষ্যে চলতি বছরের কর্মপরিকল্পনায় না থাকলেও উদ্ভাবকদের পুরস্কার প্রদানে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে উদ্যোগ নেয়ার আহ্বান জানান।

০৩। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়;

৩.১। বাপক'র উদ্ভাবন কর্মপরিকল্পনা যথাসময়ে শতভাগ বাস্তবায়নে সচেতন থাকতে হবে। সে সাথে কর্মপরিকল্পনা বাস্তবায়ন সম্পর্কিত মন্ত্রণালয়ের সকল নির্দেশনামূলক ও সময়ানুযায়ী পালনে সচেতন থাকতে হবে। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'র (এপিএ) অন্তর্ভুক্তির ফলে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়নের গুরুত্ব অনেকাংশে বৃদ্ধি পাওয়ায় নিশ্চিতভাবে কর্মপরিকল্পনা শতভাগ বাস্তবায়নে সর্বোত্তম চেষ্টা অব্যাহত রাখতে হবে। (বাস্তবায়নে-বাপক ইনোভেশন টিম)

৩.২। বাপক অধিক্ষেত্রে অধিকতর উপযোগী ও কার্যকরী উদ্ভাবনী ধারণা আহ্বান করা হলেও উদ্ভাবনী ধারণা প্রাপ্তির সংখ্যা বৃদ্ধিতে প্রয়োজনে ব্যক্তি পর্যায়ে ফোনে যোগাযোগ করে ধারণা সংগ্রহ করতে হবে। অতপর যাচাই বাছাই শেষে কর্তৃপক্ষ বরাবরে ধারণা নির্বাচন ও বাস্তবায়নের জন্য উপস্থাপন করতে হবে। সে সাথে চলতি অর্থবছরের বাস্তবায়িত ধারণাগুলোর উদ্ভাবকদের পুরস্কৃত করার জন্য কর্তৃপক্ষের সাথে আলোচনা করত: প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। (বাস্তবায়নে- মো: সাজেদুল কবির, উপব্যবস্থাপক পরিকল্পনা)

৩.৩। ৪র্থ শিল্প বিপ্লব চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় সম্পর্কে কর্মশালা ও ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সম্পর্কিত প্রশিক্ষণ কার্যক্রমগুলো কর্তৃপক্ষের সদয় অনুমোদনক্রমে সুবিধামতো তারিখ নির্ধারণ করে যত দূত সম্ভব আয়োজন করতে হবে। (বাস্তবায়নে- মো: সাজেদুল কবির, উপব্যবস্থাপক পরিকল্পনা)

৩.৪। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ২০২২-২০২৩ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রকাশ করা হয়েছে। করোনা পরিস্থিতিসহ অন্যান্য বিবেচনা অর্থবছরের শুরুতেই কর্মপরিকল্পনা বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে। আর সে লক্ষ্যে আগামী জুলাই মাসের মাঝামাঝি ২০২২-২০২৩ অর্থবছরের কর্মপরিকল্পনা বাস্তবায়ন সম্পর্কিত একটি সভা বাপক এপিএ টিমের প্রধানসহ সংশ্লিষ্টদের নিয়ে আয়োজন করা যায়। (বাস্তবায়নে- মো: সাজেদুল কবির, উপব্যবস্থাপক পরিকল্পনা)

৩.৫। বর্তমান ইনোভেশন টিমের ফোকাল পয়েন্ট জনাব মো: নুরুল ইসলাম, ব্যবস্থাপক পরিকল্পনা-১ অবসরে চলে যাওয়ায় তার পরিবর্তে বাপক পরিকল্পনা শাখা-২ এর উপব্যবস্থাপক জনাব আকতার আহম্মেদ কে ইনোভেশন টিমে অন্তর্ভুক্তিকরণসহ ইনোভেশন টিমের ফোকাল পয়েন্ট হিসেবে পরিকল্পনা-১ শাখার উপব্যবস্থাপক জনাব মো: সাজেদুল কবির এর নাম প্রস্তাব করে নতুন ইনোভেশন টিমের অফিস আদেশ জারীর জন্য নথি উপস্থাপন করে কর্তৃপক্ষের সদয় অনুমোদন পরবর্তী সংস্থার প্রশাসন শাখায় প্রেরণ করতে হবে।

০৪। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সংস্থার উত্তরোত্তর উন্নয়ন, সাফল্য ও সকলের সু-স্বাস্থ্য কামনা এবং ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ জাকির হোসেন সিকদার
মহাব্যবস্থাপক

স্মারক নম্বর: ৩০.৩২.০০০০.০২১.১৬.০০৯.১৮.২০৭


তারিখ: ৮ আষাঢ়, ১৪২৯
২২ জুন ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

- ১) মহাব্যবস্থাপক , মহাব্যবস্থাপক (পূর্ত) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ২) মহাব্যবস্থাপক , মহাব্যবস্থাপক (ডিএফও) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৩) মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক (প্রশাসন) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন

- ৪) মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক (বাণিজ্যিক) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৫) মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৬) অধ্যক্ষ (এনএইচটিআই), মহাব্যবস্থাপক (অধ্যক্ষ) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৭) ব্যবস্থাপক, পূর্ত বিভাগ, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৮) ব্যবস্থাপক, প্রশাসন বিভাগ, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৯) ব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), আইসিটি শাখা, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১০) ব্যবস্থাপক, জনসংযোগ বিভাগ, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১১) ব্যবস্থাপক, সংগ্রহ শাখা, ডিএফও, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১২) ব্যবস্থাপক, বাণিজ্যিক বিভাগ, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১৩) ব্যবস্থাপক, এস্টেট শাখা, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১৪) ব্যবস্থাপক (অর্থ ও হিসাব) (অতিরিক্ত দায়িত্ব), অর্থ ও হিসাব বিভাগ, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১৫) ব্যবস্থাপক, অডিট শাখা, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১৬) ব্যবস্থাপক, ভ্রমণ ও রেন্ট-এ-কার ইউনিট, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১৭) নির্বাহী প্রকৌশলী (সিভিল)-২, পূর্ত বিভাগ, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১৮) উপব্যবস্থাপক (প্রশিক্ষণ ও পরিসংখ্যান), পরিকল্পনা-২ শাখা, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১৯) উপব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), আইন ও পর্যদ শাখা, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ২০) উপব্যবস্থাপক, পরিকল্পনা-১ শাখা, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ২১) উর্দ্ধতন প্রশিক্ষণ কর্মকর্তা, এফ এন্ড বি সার্ভিস শাখা, এনএইচটিআই, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ২২) চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ২৩) উপব্যবস্থাপক, পরিকল্পনা-১ শাখা, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ২৪) পরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিচালক (বাণিজ্যিক) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ২৫) পরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিচালক (প্রশাসন) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ২৬) পরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিচালক (পরিকল্পনা) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ২৭) সহকারী নির্বাহী কর্মকর্তা, প্রশাসন শাখা, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ২৮) সহকারী নির্বাহী কর্মকর্তা, আইসিটি শাখা, বাংলাদেশ পর্যটন করপোরেশন



মোঃ সাজেদুল কবির
উপব্যবস্থাপক